



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড,
সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের দ্বিতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম।
সভার তারিখ ২৬-১১-২০২০ ইং
সভার সময় বৃহস্পতিবার, বিকাল ৪:০০ ঘটিকা
স্থান হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম।
উপস্থিতি ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব
মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন টিম। গ) জনাব মোঃ নাজমুল
হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম।

২.০ আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় উল্লেখ করা হয় যে, ইনোভেশন টিমের ১টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। সিডিউল অনুযায়ী আরও ৫ টি সভা অনুষ্ঠিত হবে। তাছাড়া, তৃতীয় সভাটি আগামী ২৪ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ ও একদিনের কর্মশালা/সেমিনার যথাসময়ে আয়োজনের জন্য সভাপতি নির্দেশনা দেন।

২.২। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি, সময়াবদ্ধ ইনোভেশন কর্মপরিকল্পনার সাথে 'বাস্তবায়ন প্রক্রিয়া' সংযোজন করা, উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনার ক্যালেন্ডার প্রণয়ন করা এবং প্রতি বছরে বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য ওয়েবসাইটে আপলোড করা, ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ প্রতি বছরে উদ্ভাবনের সকল তথ্য ওয়েবসাইটে আপলোড করা এবং জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং বার্ষিক কর্মসম্পাদনা ব্যবস্থাপনা এর কাজের সাথে সম্পৃক্ত ইনোভেশনের কার্যক্রমসমূহ নির্দিষ্টকরতঃ দ্রুত বাস্তবায়নের বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০ সিদ্ধান্তঃ

ক) উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারিকরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ) উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনার ক্যালেন্ডার প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সদস্য সচিব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাকির হোসেন

পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.২০৫

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪২৭
২৬ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা ।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ।